# বাংলাদেশ নৌবাহিনী

## নাবিক ও এমওডিসি (নৌ) ভর্তি এ-২০১৯ ব্যাচ

(তরুণদের জীবন গঠনের এবং দেশ সেবার সুবর্ণ সুযোগ! আপনিও এ সুযোগ গ্রহণ করুন)



### ১। উপযুক্ততা।

| শাখার নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|
| ডিই/ইউসি (সিম্যান, কমিউনিকেশন ও টেকনিক্যাল) | এসএসসি/সমমান, বিজ্ঞান বিভাগে জিপিএ ৩.০০ (ন্যূনতম)। এসএসসি পরীক্ষায় উচ্চতর গণিতধারী প্রার্থী এবং বিএন ডকইয়ার্ড কো-অপারেটিভ সোসাইটি টেকনিক্যাল ইন্সটিটিউট হতে ন্যূনতম 'এ' গ্রেড প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| মেডিকেল | জীববিজ্ঞানসহ এসএসসি (বিজ্ঞান)/সমমান, জিপিএ ৩.০০ (ন্যূনতম)। |
| পেট্রোলম্যান, রাইটার, স্টোর, কুক, স্টুয়ার্ড ও এমওডিসি (নৌ) | এসএসসি/সমমান, সকল বিভাগে জিপিএ ৩.০০ (ন্যূনতম)। |
| টোপাস | ৫ম শ্রেণি পাস। |

### ২। শারীরিক যোগ্যতা (ন্যূনতম)।

| শাখা | উচ্চতা | বুকের মাপ | ওজন | চোখের দৃষ্টি |
|---|---|---|---|---|
| সিম্যান | ১৬৭.৫ সেঃমিঃ (৫'-৬") | ৭৬-৮১ সেঃমিঃ (৩০"-৩২") সম্প্রসারণ ৫ সেঃমিঃ (২") | বয়স ও উচ্চতা অনুযায়ী | ৬/৬ |
| পেট্রোলম্যান | ১৭২.৫ সেঃমিঃ (৫'-৮") | | | |
| অন্যান্য শাখা | ১৬২.৫ সেঃমিঃ (৫'-৪") | | | |
| এমওডিসি (নৌ) | ১৬৭.৫ সেঃমিঃ (৫'-৬") | | | |

### ৩। অন্যান্য শর্তাবলী (সকল পদবীর জন্য)।

ক। বাংলাদেশী পুরুষ নাগরিক খ। সাঁতার জানা অত্যাবশ্যক গ। অবিবাহিত ঘ। বয়স ঃ ০১ জানুয়ারি ২০১৯ তারিখে (১) নাবিক ঃ ১৭ থেকে ২০ বছর (২) এমওডিসি (নৌ) ঃ ১৭ থেকে ২২ বছর। বয়সের এফিডেভিড গ্রহণযোগ্য নয়।

### ৪। অযোগ্যতা।

ক। বাংলাদেশ বা অন্য কোন দেশে প্রচলিত বলবৎযোগ্য কোন আইন ও বিধির অধীনে গ্রেফতার, দোষী সাব্যস্ত, বন্দী, আটক অথবা কোন মামলায় অভিযুক্ত হয়ে কোন বিচারালয়ে বিচারাধীন থাকলে। খ। সশস্ত্র বাহিনী অথবা সরকারি চাকুরি থেকে অপসারিত/বহিস্কৃত হলে।

### ৫। প্রয়োজনীয় সনদপত্রের বিস্তারিত বিবরণ।

ক। শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

(১) এসএসসি পাস প্রার্থীদের মূল অথবা শিক্ষাবোর্ড কর্তৃক ইস্যুকৃত সাময়িক সনদপত্র/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক মূল/সাময়িক সনদপত্র এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রশংসাপত্র, মূল মার্কশিট/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক মূল মার্কশিটের সত্যায়িত ফটোকপি, মূল রেজিস্ট্রেশন কার্ড এবং এডমিট কার্ড। কোন কারণে যারা মূল/সাময়িক সনদপত্র দিতে অপারগ হবে, তারা ভর্তি হওয়ার সময় সত্যায়িত কপি জমা দিলে চলবে। **তবে খুলনাস্থ প্রশিক্ষণ কেন্দ্রে (বিএনএস তিতুমীর) যোগদানের সময় অবশ্যই মূলকপি জমা দিতে হবে।**

(২) ৫ম শ্রেণি পাস প্রার্থীদের স্কুল হতে পাসকৃত সনদপত্র ও পরীক্ষার মার্কশিট জমা দিতে হবে।

খ। জাতীয়তা ও চরিত্রগত সনদপত্র। স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর বা কমিশনারের নিকট হতে গৃহীত জাতীয়তা ও চরিত্রগত সনদপত্র (বৈবাহিক মর্যাদা ও স্থায়ী বাসস্থানের উল্লেখ থাকতে হবে)।

গ। জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্র। ১ম শ্রেণির গেজেটেড অফিসার/চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/কমিশনার কর্তৃক প্রার্থীর জন্ম নিবন্ধন অথবা জাতীয় পরিচয় পত্র এবং পিতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

ঘ। অভিভাবকের সম্মতিপত্র। স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর বা কমিশনার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

ঙ। ছবি। সদ্য তোলা পাসপোর্ট আকারের প্রার্থীর নিজের ১৫ কপি, পিতার ১ কপি এবং মাতার ১ কপি রঙিন ছবি ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।

### ৬। আবেদনপত্র সংগ্রহ ও পূরণ।

অনলাইন আবেদন পদ্ধতি। Sailor পদে আবেদনকারী প্রার্থীগনকে www.joinnavy.navy.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home page এ Apply Now { Sailor and MODC(N)} এ ক্লিক করে আবেদন পদ্ধতি অনুসরণ করতে হবে। আবেদনের শেষ পর্যায়ে অনলাইন ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করা যাবে। এ পর্যায়ে প্রার্থীগণ যে কোন ব্যাংক কর্তৃক প্রদত্ত ক্রেডিট/ডেবিট কার্ড (যেমনঃ Visa, Master Card ও American Express) এবং মোবাইল ব্যাংকিং (যেমনঃ বিকাশ, রকেট, t-cash, শিওরক্যাশ, এমক্যাশ, মাইক্যাশ, ওয়ানক্যাশ, ইজিক্যাশ, কিউক্যাশ, নেক্সাস, এমেক্স) ইত্যাদির মাধ্যমে চার্জ ব্যতীত ২০০/০০- (টাকা দুইশত) টাকার (অফেরতযোগ্য) আবেদন ফি প্রদান করতে পারবেন। আবেদন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর সাথে সাথে প্রার্থীগণকে আবেদন পত্রটি ডাউনলোড ও প্রিন্ট করে পরবর্তীতে এই বিজ্ঞাপনে প্রদত্ত তারিখ অনুযায়ী নির্দিষ্ট কেন্দ্রে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট সময়ে উপস্থিত থাকতে হবে। যদি কোন প্রার্থী উক্ত আবেদন পত্রটি ডাউনলোড করতে ব্যর্থ হয় তবে প্রার্থী কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে নাম ও Tracking নম্বর প্রদান করা হবে যা পরবর্তীতে ব্যবহার করে একই ওয়েব সাইট হতে আবেদন পত্রটি ডাউনলোড ও প্রিন্ট করা যাবে।

ম্যানুয়াল আবেদন পদ্ধতি।

ক। **t-cash** অ্যাকাউন্টধারীদের জন্য। ট্রাস্ট ব্যাংক মোবাইল মানি (t-cash) এর মাধ্যমে নৌবাহিনীর নাবিক পদে ভর্তি ফি নিম্নলিখিত পদ্ধতিতে জমা দেয়া যাবে ঃ আবেদনকারী যদি t-cash এর গ্রাহক হন তবে মোবাইলের মেসেজ অপশনে গিয়ে নিম্নে বর্ণিত SMS টি টাইপ করে পাঠিয়ে দিন ০৩৫৯০০১৬২০১ নম্বরে। এ ক্ষেত্রে t-cash অ্যাকাউন্ট এ ন্যূনতম ২২০/০০ (টাকা দুইশত বিশ মাত্র) টাকা থাকতে হবে। TrustMM<space>BNRF <space>S<space> PIN<space>Candidate's Mobile Number<send to>03590016201 (এখানে S বলতে Sailor বোঝানো হয়েছে)। এ পদ্ধতিতে টাকা জমা দেয়ার কিছুক্ষণের মধ্যেই একটি ট্রানজেকশন আইডি আবেদনকারীর মোবাইলে চলে আসবে। অতঃপর উক্ত ট্রানজেকশন নম্বরটি নিম্নের যেকোন ঠিকানায় দেখিয়ে {ফরম (নাবিক)-১} সংগ্রহ করা যাবে।

খ। **t-cash** অ্যাকাউন্টধারী নন। যারা t-cash এর গ্রাহক নন তারা ট্রাস্ট ব্যাংকের যেকোন শাখায় গিয়ে "বিএন রিক্রুটমেন্ট ফান্ড" ট্রাস্ট ব্যাংক লিঃ, প্রিন্সিপাল ব্রাঞ্চ, ঢাকা এর অনুকূলে ২০০/০০ (টাকা দুইশত মাত্র) টাকার (অফেরতযোগ্য) ফি জমা দিতে হবে। ট্রাস্ট ব্যাংকের শাখার বিস্তারিত তালিকা http://trustbank.com.bd /download/Trust_ Bank_Branch_Paypoint_List.pdf হতে পাওয়া যাবে। ট্রাস্ট ব্যাংকের শাখার মাধ্যমে ভর্তি ফি জমা দেয়ার পর গ্রাহক একটি Notification SMS ও মানিরিসিপ্ট পাবেন যাতে একটি ট্রানজেকশন আইডি থাকবে। উক্ত মানিরিসিপ্টটি নিম্নের যেকোন ঠিকানায় দেখিয়ে {ফরম (নাবিক)-১} সংগ্রহ করা যাবে।

গ। এ ছাড়াও বাংলাদেশের যেকোন ব্যাংক হতে "বিএন রিক্রুটমেন্ট ফান্ড" ট্রাস্ট ব্যাংক লিঃ, প্রিন্সিপাল ব্রাঞ্চ, ঢাকা এর অনুকূলে ২০০/০০ (টাকা দুইশত মাত্র) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/মানিরিসিপ্ট সংগ্রহ করা যাবে। উক্ত পে-অর্ডার/মানিরিসিপ্ট নিম্নের যেকোন ঠিকানায় দেখিয়ে আবেদনপত্র {ফরম (নাবিক)-১} সংগ্রহ করা যাবে।

(১) নৌবাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রংপুর ও মাদারীপুর। (২) বানৌজা তিতুমীর (খুলনা), মংলা (বাগেরহাট), ঈসা খান (চট্টগ্রাম) ও শহীদ মোয়াজ্জম (কাপ্তাই)। (৩) সিজি স্টেশন চাঁদপুর, পালপাড়া, নিউ ট্রাক রোড, চাঁদপুর। (৪) কোস্টগার্ড বেইজ ভোলা, মংলা ও চট্টগ্রাম। (৫) সিজি স্টেশন বরিশাল, পটুয়াখালী, হাতিয়া, পাথরঘাটা, কয়রা, শরণখোলা ও টেকনাফ। (৬) সিজি আউট পোস্ট, রামগতি (লক্ষ্মীপুর)। (৭) সকল জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) অফিসসমূহ।

ঘ। বিশেষ কারণে কেউ উপরের ঠিকানাসমূহ হতে আবেদনপত্র সংগ্রহে ব্যর্থ হলে যেকোন ভর্তি কেন্দ্র হতে নাবিক ভর্তির দিন ২০০/০০ (টাকা দুইশত মাত্র) টাকার পে-অর্ডার/মানিরিসিপ্ট প্রদানপূর্বক আবেদনপত্র সংগ্রহ করতে পারবে।

ঙ। এছাড়াও স্ব-স্ব ভর্তি কেন্দ্র হতে নির্ধারিত ভর্তির দিন সকাল ০৮০০ ঘটিকায় নগদ ২০০/০০ (টাকা দুইশত মাত্র) টাকা মূল্যে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। সেক্ষেত্রে ২০০/০০ টাকার আবেদনপত্র সংগ্রহের রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

### ৭। ভর্তি পদ্ধতি।

অনলাইনে আবেদনকারীগণ পূরণকৃত আবেদনপত্রটি প্রিন্ট করে বিজ্ঞপ্তি মোতাবেক ফর্মে উল্লেখিত সকল সার্টিফিকেট/কাগজপত্রসহ নিজ জেলার ভর্তি কেন্দ্রে নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। ম্যানুয়াল আবেদনকারীগণ সংগ্রহকৃত আবেদনপত্র পূরণপূর্বক পে-অর্ডার/নগদ ২০০/০০ (দুইশত) টাকা মূল্যে ক্রয়কৃত আবেদনপত্রের রশিদ এবং বিজ্ঞপ্তি মোতাবেক ফর্মে উল্লেখিত সকল সার্টিফিকেট/কাগজপত্রসহ নিজ জেলার ভর্তি কেন্দ্রে নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। প্রার্থীর সকল কাগজপত্র সঠিক পাওয়া গেলে প্রথমে তার প্রাথমিক নির্বাচন করা হবে। প্রাথমিক ভাবে নির্বাচিতগণের ইংরেজি, বাংলা, গণিত, বিজ্ঞান এবং সাধারণ জ্ঞান ও বুদ্ধিমত্তা বিষয়ের উপর লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। উক্ত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হলে তাকে নাবিক হিসেবে ভর্তি করা হবে।

### ৮। চাকুরির সুবিধাদি।

ক। বেতন ও ভাতাদি। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হবে।

খ। অন্যান্য। (১) বিনামূল্যে পোষাক, থাকা, খাওয়া ও চিকিৎসার সুবিধা। (২) হ্রাসকৃত মূল্যে পরিবারের জন্য রেশন ক্রয়ের সুবিধা। (৩) অবসর গ্রহণকালে অবসর ভাতা এবং গ্র্যাচুইটির সুবিধা। (৪) চাকুরিকালীন যোগ্যতার ভিত্তিতে নন-কমিশন্ড অফিসার, জুনিয়র কমিশন্ড অফিসার এবং বিশেষ যোগ্যতার ক্ষেত্রে কমিশন্ড অফিসার পদে পদোন্নতির সুযোগ। (৫) চাকুরিকালীন অবস্থায় মৃত্যুবরণ করলে অথবা পঙ্গু হলে পদবীভিত্তিক বীমা সুবিধা এবং পরিবারের জন্য বেনেভোলেন্ট ফান্ডের আর্থিক সুবিধা। (৬) বিদেশে প্রশিক্ষণ, নৌবাহিনীর জাহাজে বিদেশী পোর্টে শুভেচ্ছা সফর, বিদেশ থেকে জাহাজ আনয়ন ও জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিদেশ ভ্রমণের মাধ্যমে আর্থিক স্বচ্ছলতা অর্জনের সুযোগ। (৭) বিদেশে বাংলাদেশ দূতাবাসসমূহে নিয়োগ প্রাপ্তির সুযোগ। (৮) নিজ সন্তানদের জন্য যোগ্যতার ভিত্তিতে ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি এবং নৌবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজে অধ্যয়নের সুযোগ। (৯) নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন সুসজ্জিত বাসস্থান প্রাপ্তি। (১০) সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দুরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা ইত্যাদি।

### ৯। বিশেষ দ্রষ্টব্য।

ক। নির্বাচিত প্রার্থীগণকে ০১ জানুয়ারি ২০১৯ তারিখে (পরিবর্তনযোগ্য) বিএনএস তিতুমীর, খুলনায় যোগদান করতে হবে। খ। কৃতি খেলোয়াড়দের জন্য সার্বিক শর্তাবলী শিথিলযোগ্য। গ। ক্ষুদ্রজাতি গোষ্ঠীর ক্ষেত্রে সকল শাখার জন্য উচ্চতা ১৬২.৫ সেঃমিঃ (৫'-৪") গ্রহণযোগ্য। ঘ। জেলাকোটা ভিত্তিক নাবিক ভর্তি করা হবে। ঙ। কোন ভর্তি কেন্দ্রে ঐ কেন্দ্রের জন্য নির্ধারিত জেলার বাহিরের লোক ভর্তি করা হবে না। তবে কোন জেলায় উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে উক্ত জেলার কোটায় বৃহত্তর জেলার উপযুক্ত প্রার্থী ভর্তি করা হবে। চ। **মিথ্যা তথ্য প্রদান ও ঠিকানা জালিয়াতি করে কেউ ভর্তি হলে তার বিরুদ্ধে নৌবাহিনীর আইন মোতাবেক কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।** ছ। মুক্তিযোদ্ধার সন্তান/তৃতীয় প্রজন্ম ও নৌকমান্ডোগণের সন্তান/পোষ্যগণ, আনসার/ভিডিপি এবং ক্ষুদ্রজাতি গোষ্ঠীর প্রার্থী প্রয়োজনীয় উপযুক্ততা অর্জন করলে সরকার কর্তৃক নির্ধারিত যথাক্রমে ৩০%, ১০% এবং ৫% কোটায় ভর্তি করা হবে। এজন্য প্রমাণপত্র হিসেবে ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক পিতা/পিতামহের মুক্তিযোদ্ধার সনদ/আনসার অথবা ভিডিপিতে চাকুরির সনদের সত্যায়িত ফটোকপি প্রয়োজন হবে। জ। নৌবাহিনীতে কর্মরত/অবসরপ্রাপ্ত/মৃত সামরিক/বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের প্রয়োজনীয় উপযুক্ততা সাপেক্ষে নির্ধারিত ৫% কোটায় ভর্তি করা হবে। এজন্য প্রমাণপত্র হিসেবে কর্মরতদের ক্ষেত্রে অধিনায়ক/উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্রসহ নৌবাহিনী পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং অবসরপ্রাপ্ত ও মৃতদের ক্ষেত্রে ছবিসহ পেনশন বই এর ফটোকপি উপস্থাপন করতে হবে। ঝ। ভর্তি কেন্দ্রে প্রার্থীদের মোবাইল, ঘড়ি ও যেকোন ধরনের ইলেকট্রনিক গেজেট আনা যাবে না। ঞ। অধিক শিক্ষাগত যোগ্যতার যেকোন প্রার্থীগণকে ভর্তি করা যাবে। তবে তারা এজন্য কোন অতিরিক্ত সুযোগ-সুবিধা পাবেন না। ট। নিজ জেলা হতে অন্য জেলায় স্থানান্তরিত হয়ে স্থায়ী বাড়ীসহ বসবাসকৃতদের সংশ্লিষ্ট উভয় এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন হতে নাগরিকত্ব সনদ/স্থানান্তরিত হওয়ার সনদ আনতে হবে। ঠ। চাকুরিরত প্রার্থীগণের নিয়োগকারী কর্তৃপক্ষের ছাড়পত্র আনতে হবে।

## ভর্তির জন্য প্রয়োজনীয় সনদপত্রসহ নির্ধারিত ভর্তি কেন্দ্রে সকাল ০৮০০ ঘটিকায় নিম্নবর্ণিত তারিখে উপস্থিত হউন ঃ

| কেন্দ্রের নাম | ভর্তির তারিখ | জেলার নাম | জেলা ও শাখাভিত্তিক কোটা: এসএসসি(বিজ্ঞান)/সমমান /এসএসসি (ভোকেশনাল) ডিই/ইউসি (সিম্যান, কমিউনিকেশন ও টেকনিক্যাল) | এসএসসি (বিজ্ঞান)/সমমান (মেডিকেল) | এসএসসি/সমমান/এসএসসি (ভোকেশনাল): পেট্রোলম্যান, রাইটার ও স্টোর | কুক ও স্টুয়ার্ড | এমওডিসি (নৌ) | ৫ম শ্রেণি (টোপাস) |
|---|---|---|---|---|---|---|---|---|
| বানৌজা শেখ মুজিব খিলক্ষেত, ঢাকা | ১৫ সেপ্টেম্বর ২০১৮ | নৌবাহিনীর কর্মরত/অবঃ/ মৃত সামরিক/বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান | ১৮ | ৪ | ৬ | ৬ | ১ | ২ |
| | | নৌ স্কাউট | ৫ | - | ৩ | - | - | - |
| ওসমানী পৌর স্টেডিয়াম, নারায়ণগঞ্জ | ১৯ সেপ্টেম্বর ২০১৮ | ঢাকা | ৬ | ২ | ৩ | ২ | ১ | ১ |
| | | মানিকগঞ্জ | ৫ | - | ১ | ১ | - | - |
| | | গাজীপুর | ৪ | - | ১ | ১ | - | - |
| | ২১ সেপ্টেম্বর ২০১৮ | নরসিংদী | ৫ | ১ | ২ | ২ | - | - |
| | | নারায়ণগঞ্জ | ৩ | - | ১ | ১ | - | - |
| | | মুন্সিগঞ্জ | ৬ | - | ১ | ২ | - | - |
| রফিক উদ্দিন ভূঁইয়া স্টেডিয়াম, ময়মনসিংহ | ২৫ সেপ্টেম্বর ২০১৮ | ময়মনসিংহ | ১৬ | ৩ | ৫ | ৩ | ১ | ২ |
| | | শেরপুর | ৬ | ১ | ১ | ২ | - | - |
| | ২৮ সেপ্টেম্বর ২০১৮ | জামালপুর | ৮ | ১ | ৩ | ২ | ১ | ১ |
| | | টাঙ্গাইল | ৭ | ১ | ৩ | ২ | ১ | - |
| | ০১ অক্টোবর ২০১৮ | নেত্রকোণা | ৭ | ১ | ২ | ১ | - | ১ |
| | | কিশোরগঞ্জ | ৬ | ১ | ১ | ২ | - | - |
| রংপুর জেলা স্টেডিয়াম | ০৬ অক্টোবর ২০১৮ | রংপুর | ৯ | - | ২ | ২ | ১ | ১ |
| | | কুড়িগ্রাম | ৭ | ১ | ২ | ২ | - | - |
| | ০৯ অক্টোবর ২০১৮ | গাইবান্ধা | ৬ | ১ | ১ | ২ | ১ | ১ |
| | | নীলফামারী | ৬ | - | ২ | ২ | - | - |
| | | লালমনিরহাট | ২ | - | ১ | ১ | - | - |
| দিনাজপুর জেলা স্টেডিয়াম | ১৩ অক্টোবর ২০১৮ | দিনাজপুর | ৬ | ২ | ৩ | ২ | ১ | ১ |
| | | ঠাকুরগাঁও | ৭ | ১ | ১ | ২ | ১ | - |
| | | পঞ্চগড় | ৬ | - | ১ | ১ | - | - |
| শহীদ চান্দু স্টেডিয়াম, বগুড়া | ১৭ অক্টোবর ২০১৮ | বগুড়া | ৭ | ২ | ৩ | ২ | ১ | - |
| | | জয়পুরহাট | ৭ | - | ২ | ১ | - | - |
| বানৌজা শেখ মুজিব খিলক্ষেত, ঢাকা | ২২ অক্টোবর ২০১৮ | উপরোক্ত ২২টি জেলার জেলা কোটার অবশিষ্ট শূন্যপদ (যদি থাকে) পূরণ | | | | | | |
| শেখ মনি স্টেডিয়াম, গোপালগঞ্জ | ১২ সেপ্টেম্বর ২০১৮ | ফরিদপুর | ৫ | ২ | ৩ | ৩ | ১ | ১ |
| | | রাজবাড়ী | ৬ | ১ | ১ | ২ | - | - |
| | | গোপালগঞ্জ | ১৪ | ৩ | ২ | ৩ | ১ | ২ |
| আচমত আলী খান স্টেডিয়াম, মাদারীপুর | ১৬ সেপ্টেম্বর ২০১৮ | মাদারীপুর | ১৩ | ৩ | ৫ | ৪ | ১ | ২ |
| | | শরীয়তপুর | ৭ | - | ১ | ২ | - | - |
| শহীদ আঃ রব সেরনিয়াবাত স্টেডিয়াম, বরিশাল | ২০ সেপ্টেম্বর ২০১৮ | বরিশাল | ৫ | ১ | ৩ | ৩ | ১ | ১ |
| | | পিরোজপুর | ৬ | ১ | ১ | - | - | - |
| | ২২ সেপ্টেম্বর ২০১৮ | ঝালকাঠি | ৪ | - | ১ | - | - | - |
| | | পটুয়াখালী | ৫ | ১ | - | ১ | - | - |
| | | বরগুনা | ৪ | ১ | ১ | - | - | - |

| কেন্দ্রের নাম | ভর্তির তারিখ | জেলার নাম | জেলা ও শাখাভিত্তিক কোটা: এসএসসি(বিজ্ঞান)/সমমান /এসএসসি (ভোকেশনাল) ডিই/ইউসি (সিম্যান, কমিউনিকেশন ও টেকনিক্যাল) | এসএসসি (বিজ্ঞান)/সমমান (মেডিকেল) | এসএসসি/সমমান/এসএসসি (ভোকেশনাল): পেট্রোলম্যান, রাইটার ও স্টোর | কুক ও স্টুয়ার্ড | এমওডিসি (নৌ) | ৫ম শ্রেণি (টোপাস) |
|---|---|---|---|---|---|---|---|---|
| কোস্ট গার্ড বেস, ভোলা | ২৬ সেপ্টেম্বর ২০১৮ | ভোলা | ৬ | ১ | ২ | ১ | - | - |
| খুলনা বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স | ২৯ সেপ্টেম্বর ২০১৮ | খুলনা | ৬ | ২ | ৩ | ২ | ১ | ১ |
| | | বাগেরহাট | ৬ | - | ২ | ২ | - | - |
| | | সাতক্ষীরা | ৭ | - | ২ | ১ | - | - |
| | ০২ অক্টোবর ২০১৮ | যশোর | ৭ | ১ | ৩ | ২ | ১ | - |
| | | নড়াইল | ৭ | - | ১ | - | - | - |
| কুষ্টিয়া জেলা ক্রীড়া কমপ্লেক্স | ০৫ অক্টোবর ২০১৮ | ঝিনাইদহ | ৭ | - | ১ | ২ | - | - |
| | | মাগুরা | ৬ | ১ | ১ | ২ | - | - |
| | ০৭ অক্টোবর ২০১৮ | চুয়াডাঙ্গা | ৬ | - | ১ | ১ | - | - |
| | | কুষ্টিয়া | ৬ | ১ | ২ | ২ | ১ | - |
| | | মেহেরপুর | ৪ | - | ১ | - | - | - |
| রাজশাহী জেলা মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়াম | ১১ অক্টোবর ২০১৮ | রাজশাহী | ৬ | ১ | ৪ | ২ | ১ | ১ |
| | | নাটোর | ৬ | - | ২ | ২ | - | - |
| | ১৩ অক্টোবর ২০১৮ | নওগাঁ | ৮ | ১ | ৪ | ২ | - | - |
| | | চাঁপাইনবাবগঞ্জ | ৫ | ১ | ১ | ২ | - | ১ |
| এ্যাডঃ আমিন উদ্দিন স্টেডিয়াম, পাবনা | ১৭ অক্টোবর ২০১৮ | পাবনা | ৮ | ১ | ১ | ২ | ১ | ১ |
| | | সিরাজগঞ্জ | ৭ | ১ | ৩ | ২ | ১ | - |
| খুলনা বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স | ২২ অক্টোবর ২০১৮ | উপরোক্ত ২৭টি জেলার জেলা কোটার অবশিষ্ট শূন্যপদ (যদি থাকে) পূরণ | | | | | | |
| আবুল মাল আব্দুল মুহিত ক্রীড়া কমপ্লেক্স, সিলেট | ২৩ সেপ্টেম্বর ২০১৮ | সিলেট | ২ | - | ১ | ১ | ১ | - |
| | | সুনামগঞ্জ | ৪ | ১ | ১ | ১ | - | - |
| | ২৬ সেপ্টেম্বর ২০১৮ | হবিগঞ্জ | ৪ | ১ | ১ | ২ | ১ | ১ |
| | | মৌলভীবাজার | ৩ | - | ১ | - | - | - |
| ভাষা সৈনিক শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত স্টেডিয়াম, কুমিল্লা | ২৯ সেপ্টেম্বর ২০১৮ | কুমিল্লা | ৮ | ২ | ৫ | ৫ | ১ | ১ |
| | | চাঁদপুর | ৪ | - | ১ | ১ | - | - |
| | | ব্রাহ্মণবাড়ীয়া | ৫ | ২ | ১ | ১ | - | ১ |
| শহীদ ভুলু স্টেডিয়াম, নোয়াখালী | ০৩ অক্টোবর ২০১৮ | নোয়াখালী | ৩ | - | ২ | ২ | ১ | - |
| | ০৫ অক্টোবর ২০১৮ | ফেনী | ২ | - | - | ১ | - | - |
| | | লক্ষ্মীপুর | ৪ | - | ২ | ১ | - | - |
| এম এ আজিজ স্টেডিয়াম, চট্টগ্রাম | ০৯ অক্টোবর ২০১৮ | চট্টগ্রাম | ৬ | ২ | ৩ | ২ | ১ | ১ |
| রাঙ্গামাটি জেলা স্টেডিয়াম | ১৩ অক্টোবর ২০১৮ | রাঙ্গামাটি | ৩ | - | ১ | ১ | - | - |
| | | খাগড়াছড়ি | ৩ | - | ১ | ১ | - | - |
| শহীদ রুহুল আমীন স্টেডিয়াম, কক্সবাজার | ১৭ অক্টোবর ২০১৮ | কক্সবাজার | ৫ | ১ | ২ | ১ | - | ১ |
| | | বান্দরবান | ২ | - | - | ১ | - | - |
| এম এ আজিজ স্টেডিয়াম, চট্টগ্রাম | ২২ অক্টোবর ২০১৮ | উপরোক্ত ১৫টি জেলার জেলা কোটার অবশিষ্ট শূন্যপদ (যদি থাকে) পূরণ | | | | | | |

**হুঁশিয়ারি**

- ★ কোন ব্যক্তি চাকুরি দেয়ার নিশ্চয়তা দিয়ে আপনার নিকট টাকা দাবী করলে নিশ্চিত জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন।
- ★ নৌবাহিনীতে নাবিক ভর্তি কেবলমাত্র সংবাদপত্রে প্রকাশিত তারিখ ও স্থান অনুযায়ী নৌ রিক্রুটিং টিমের মাধ্যমেই হয়ে থাকে; বিচ্ছিন্ন কোন স্থান, সময় বা ব্যক্তিবর্গের মাধ্যমে নয়।
- ★ প্রাথমিক নির্বাচন, লিখিত পরীক্ষা ও চূড়ান্ত নির্বাচন একই দিনে ভর্তি স্থানে সকলের সম্মুখেই অনুষ্ঠিত হয়; এ প্রক্রিয়ায় কোন প্রকার আর্থিক লেনদেনের সুযোগ নেই।
- ★ যদি কোন ব্যক্তি সংবাদপত্রে প্রকাশিত তারিখ ও স্থান ব্যতীত অন্য কোন স্থান বা তারিখে নিয়োগ প্রদান করতে চায় তবে নিশ্চিতভাবে জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন।
- ★ নিজ জেলা ব্যতীত অন্য জেলায় ভূয়া কাগজপত্র প্রদর্শনের মাধ্যমে ভর্তির প্রয়াস পরবর্তীতে প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে চাকুরি হতে বহিস্কার করা হয় এবং প্রয়োজনে শাস্তি প্রদান করা হয়।
- ★ প্রতারক সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ রিক্রুটিং অফিসারকে অথবা নিকটস্থ নৌ ঘাঁটির নৌ পুলিশকে অথবা টেলিফোন নম্বর ০২-৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২১৪৮ অথবা ০১৭১১৮৯০০৫৪ এ অবহিত করুন।
- ★ যে কোন প্রকার সুপারিশ অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

**পরিচালক, পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর**
নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ১২১৩
ফোন ঃ ০২-৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২২১৫
হেল্প লাইন ঃ ০১৭৬৯৭০২২১৫
**website : www.joinnavy.navy.mil.bd**

## নৌবাহিনীতে যোগ দিন, দেশ সেবার সুযোগ নিন